



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস রিলিজ

১৪ আগস্ট ২০২৩

বাউবির বঙ্গবন্ধু কর্ণারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের মহাজীবনের সচিত্র দেয়াল উদ্বোধন

বঙ্গবন্ধুর দেখানো পথেই হাঁটছে বাংলাদেশ

- বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর দেখানো পথেই হাঁটছে বাংলাদেশ।” বাংলাদেশকে এগিয়ে নিতে হলে জাতির পিতার দেখানো পথে হাঁটার কোন বিকল্প নেই। তাঁর কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সোনার বাংলা গড়তে নিরলস কাজ করে যাচ্ছেন। বঙ্গবন্ধুর আদর্শ ও দর্শনকে মনে প্রাণে ধারণ করে ব্যক্তি স্বার্থের উর্ধে থেকে নিজ নিজ দায়িত্ব সঠিকভাবে পালনের মাধ্যমে মাননীয় প্রধানমন্ত্রীর রূপকল্প ২০৪১ ও স্মার্ট বাংলাদেশ বাস্তবায়ন সম্ভব। একজন আদর্শিক ও সুনাগরিক হিসেবে নিজেকে গড়ে তুলতে হলে অবশ্যই বঙ্গবন্ধুর কর্মময় জীবন সম্পর্কে জানতে হবে। তাঁর শৈশব, রাজনৈতিক ও ব্যক্তি জীবন থেকে আমাদের শিক্ষা গ্রহণ করতে হবে।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোকদিবস এবং বাউবিতে শোকাবহ আগস্ট মাস উপলক্ষে লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগ ও বঙ্গবন্ধু কর্ণার উন্নয়ন কমিটির উদ্যোগে ১৪ আগস্ট ২০২৩ সোমবার বাউবির বঙ্গবন্ধু কর্ণারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শৈশব থেকে শুরু করে তাঁর নানা কর্মকাণ্ডের ওপর বঙ্গবন্ধুর মহাজীবনের সচিত্র দেয়াল (ইতিহাসের দেয়াল) উদ্বোধনকালে বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এসব কথা বলেন। তিনি আরও বলেন বঙ্গবন্ধু বেঁচে থাকলে অনেক আগেই সোনার বাংলা বাস্তবায়িত হয়ে যেত। বঙ্গবন্ধুর মহাজীবনের সচিত্র দেয়াল স্থাপন বাউবিতে মাসব্যাপী শোকাবহ আগস্টের কর্মসূচীর একটি অংশ।



অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম। এসময় বাউবির বিভিন্ন স্কুলের ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন লাইব্রেরি এন্ড ডকুমেন্টেশন বিভাগের লাইব্রেরিয়ান (ভারপ্রাপ্ত) ও বঙ্গবন্ধু কর্ণার উন্নয়ন কমিটি আহ্বায়ক এমএস. সঙ্গীতা মোরশেদ।

স্বাক্ষর

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)